

BENGALI

Maximum Marks : 80

Time Allotted : Three Hours

Reading Time : Additional Fifteen minutes

Instructions to Candidates

1. You are allowed an **additional fifteen minutes** for **only** reading the question paper.
2. You must **NOT** start writing during reading time.
3. This question paper has **11 printed pages and one blank page**.
4. It is divided into **two sections : Section A and Section B**.
5. It has **fifteen questions** in all.
6. **Section A** has **three questions**. All questions are **compulsory**.
7. While attempting **Multiple Choice Questions** in **Section A**, you are required to **write only ONE option as the answer**.
8. **Section B** has **twelve questions**. You are required to attempt **any four** questions in this section on **any three** out of the four prescribed textbooks.
9. The intended marks for questions are given in brackets [].

Instruction to Supervising Examiner

1. Kindly read **aloud** the Instructions given above to all the candidates present in the examination hall.

SECTION - A
LANGUAGE - 40 MARKS

Question 1

[15]

Write a composition in approximately 400 words in Bengali on any *one* of the topics given below.

নিম্নলিখিত যে কোন একটি বিষয়ের উপর প্রায় ৪০০ (চারশো) শব্দে একটি রচনা লেখ।

- (i) তোমার স্কুলের একটি ক্রীড়া প্রতিযোগিতার বর্ণনা দাও।
- (ii) বর্তমান কালে পৃথিবীর জলবায়ু খুব দ্রুত বদলে যাচ্ছে - এর কারণ কী হতে পারে বলে তোমার মনে হয় - এর থেকে কীভাবে আমরা মুক্তি পেতে পারি, সেকথা আলোচনা কর।
- (iii) আমাদের জীবনে সময়ের অভাবে আমরা অনেক বেশি সচ্ছন্দ্য বোধ করি অনলাইন বাজারে - তোমার মতামত যুক্তিসহ আলোচনা কর।
- (iv) 'প্রাণী কল্যাণ ও সংরক্ষণের কথা বিবেচনা করে চিড়িয়াখানা নিষিদ্ধ করা উচিত' - এর পক্ষে বা বিপক্ষে তোমার মতামত দাও।
- (v) 'কঠোর পরিশ্রমের কোনো বিকল্প নেই।' - তুমি কী একথা বিশ্বাস কর ? তোমার মতামত উদাহরণ দিয়ে ব্যাখ্যা কর।
- (vi) নিম্নলিখিত যে কোন একটি বিষয়ের উপর মৌলিক গল্প লেখ :
 - (a) এমন একটি মৌলিক গল্প লেখ যার শিরোনাম হবে - 'ম্যাজিশিয়ান।'
 - (b) 'নির্জন সমুদ্র সৈকত' - এই শিরোনাম দিয়ে একটি মৌলিক গল্প লেখ।

Question 2

Read the passage given below carefully and answer in Bengali the questions that follow, using your own words.

নিম্নলিখিত রচনাংশটি ভালো করে পড়ে বাংলা ভাষায় প্রশ্নগুলির উত্তর দাও, উত্তরগুলি নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

কেরালার সঙ্গে আমার প্রথম আলাপ এক শরতের সকালে। সে এক অসাধারণ সুখস্মৃতি। ব্যাংগালোর থেকে এর্নাকুলাম যাচ্ছি, বারো ঘণ্টার পথ, এমনিতেই রাতের ট্রেনে আমার ভালো ঘুম হয়না, আলো ফুটতে না ফুটতেই চোখ রেখেছিলাম জানালায়। আহা, কী ঘন সবুজ! প্রাণ যেন জুড়িয়ে গেল। কয়েক সেকেন্ডের জন্য ভুলে গিয়েছিলাম বাংলা ছেড়ে, প্রায় হাজার দেড়েক মাইল দূরে, ভারতের একেবারে দক্ষিণ-পশ্চিম প্রান্তের এক রাজ্যে ঢুকে পড়েছি। মাঝে মাঝে ছোট ছোট পাহাড় উঁকি দিচ্ছে ঠিকই, বাড়িঘরের চেহারাও হয়তো একটু আলাদা রকমের, তবু ওই সরল শান্ত সবুজের সঙ্গে আমাদের গ্রামবাংলার কী অদ্ভুত মিল।

প্রাথমিক এক মুগ্ধতা নিয়েই আমার কেরল দর্শন শুরু। এর্নাকুলাম জংশনে আমাদের নিতে এসেছিলেন মালায়ালাম ভাষার শিক্ষিকা মিসেস ফ্রান্সিস। তাঁর দৌলতে হোটেল পৌঁছানোর আগেই আমাদের জ্ঞানভান্ডার হু হু করে বাড়তে লাগল। জানলাম, এর্নাকুলাম আর কোচি এক, আবার এক নয়ও। আরব সাগরের পাড়ে মেনল্যান্ডটা এর্নাকুলাম, আর খান-দশেক দ্বীপ নিয়ে কোচি। তার মধ্যে আছে বোলাঘাট্টা আইল্যান্ড, ভাইপিন, গুড্ডু দ্বীপ, নারাক্কাল আর সবচেয়ে বড় মাদ্রিনচেরি। আর মেনল্যান্ড, আইল্যান্ড সব মিলিয়ে কোচি পৌরসভা জেলার নাম এর্নাকুলাম।

বেড়ানোর ফিঙ্গার আগেই তৈরি করে রেখেছিলাম। দুপুর বেলা হোটেল থেকে বেরিয়ে পড়লাম দ্বীপগুলো দেখতে। ‘সি-লর্ড’ জেটি থেকে ছাড়ল স্টিমার, চলেছে আরব সাগর থেকে ঢুকে আসা জলে দোল খেতে খেতে। একেই বলে ‘ব্যাক ওয়াটার।’

ডানদিকে বোলাঘাট্টা দ্বীপে দেখার মতো সেখানকার ডাচ রাজ প্রাসাদটি; এখন সেটা ‘সেভেনথ স্টার হোটেল’, সেখানে আমাদের মতো মানুষের ‘নো-এন্ট্রি’। সেখানে দেখার মতো একটি গল্ফ কোর্সও নাকি আছে। কোচি বন্দরের নাব্যতা বাড়ানোর জন্য রবার্ট ব্রিস্টো সমুদ্র ড্রেজিংয়ের মাটি দিয়ে বানিয়েছিলেন একটি দ্বীপ, তার নাম উইলিংডন। সেখানেও জলের কিনারে রয়েছে এক চমৎকার হোটেল। দেখে ভারী আফশোস হল, ইশ্, এখানে উঠলে সারাটা দিন দিব্যি আরব সাগরের মুখোমুখি থাকা যেত।

আরব সাগর তো মাঝে মাঝেই চলে এসেছে কেরালার অন্তরে, তৈরি করেছে আঁকা বাঁকা জলপথ।

এই পথেই যাওয়া যায় কোচি থেকে কুইলন। কখনো স্টিমার চলে সমুদ্র বেয়ে, কখনো বা ঢুকে পড়ে পল্লীগ্রামে। কারও উঠোন, কারও বাড়ির খিড়কি ছুঁয়ে আবার ফিরে আসে সাগরে। এই জলবিহারের টানেই বিদেশী পর্যটকরা ভিড় জমায় কেরালায়।

এরপর আমরা কোচি থেকে মুন্নারে গেলাম। ইদুক্কি জেলায় ঢোকার পর থেকেই নিসর্গ গেল বদলে। শুধু পাহাড়, জঙ্গল, আর মাঝে মাঝে ছোট-বড় জলপ্রপাত। পাঁচ হাজার ফুট উঁচুতে মুন্নার যেন পটে আঁকা ছবি। পাহাড়ের ঢালে শুধু চা-বাগান। মুদ্রাপূজা, নালাতান্নি আর কুন্ডলা - তিন পাহাড়ি নদীতে ঘেরা মুন্নার যেন এক ভূস্বর্গ।

এরপরেই এরাতিকুলাম ন্যাশনাল পার্ক। এই অরণ্য কিন্তু আমাদের হতাশ করল। আনাইমুড়ি পাহাড়ের গায়ে প্রায় ন্যাড়া জঙ্গলে অসংখ্য নীলগিরি ছাগল। এছাড়া কোনও জীবজন্তুর দর্শন পেলাম না।

কেরলীয়রা বলেন, কেরালা নাকি ঈশ্বরের দেশ। এখানেই এশিয়ার প্রথম গির্জা ও মসজিদ প্রতিষ্ঠিত হয়েছিল। আর ত্রিসুর থেকে তিরুবন্তপুরম্ তো ছেয়ে আছে প্রাচীন হিন্দু মন্দিরে। ঈশ্বরের দেশ ছাড়া আর কি কোথাও নানান ধর্মের এমন শান্তিপূর্ণ সহাবস্থান দেখা যায় ?

আমার মনে হয়, পাহাড়, নদী, সমুদ্র আর সবুজ অরণ্যে ঢাকা কেরলে প্রকৃতি অকৃপণ হাতে শোভা বিলিয়েছে। ঈশ্বরের নিজের দেশ বলেই না প্রকৃতি সেখানে এত উদার।

প্রশ্ন :-

- (i) লেখকের সঙ্গে কেরালার কখন প্রথম আলাপ হয় ? লেখক কোথা থেকে কেরালায় কখন যাচ্ছিলেন ? [3]
সেই পথের দূরত্ব কত ?
- (ii) কেরলের কোন স্টেশনে, কে এসেছিলেন লেখকদের রিসিভ করতে ? তাঁর পেশা কী ছিল ? [3]
- (iii) তাঁর কাছ থেকে লেখক কী জানতে পেরেছিলেন, তা নিজের ভাষায় লেখ। [3]
- (iv) 'ডাচ্' প্রাসাদটি ছিল : [1]
 - (a) ভাইপিন দ্বীপে
 - (b) বোলাঘাটা দ্বীপে
 - (c) মাউনচেরি দ্বীপে
 - (d) উইলিংডন দ্বীপে

(v) সমুদ্র ড্রেজিংয়ের মাটি দিয়ে তৈরি দ্বীপটি কার বানানো ?

- (a) রবার্ট ফ্রস্ট
- (b) রবার্ট স্টিভেনসন
- (c) রবার্ট ব্রিস্টো
- (d) রবার্ট উইলিয়াম

(vi) 'মুম্বার' অবস্থিত :

- (a) এরাতিকুলামে
- (b) কোচিতে
- (c) মাউনচেরিতে
- (d) ইদুক্কিতে

(vii) মুদ্রাপূজা, নালাতান্নি আর কুন্ডলা হল :

- (a) পাহাড়ি বর্ণা
- (b) বিখ্যাত তিনটি জলপ্রপাত
- (c) পাহাড়ি নদী
- (d) তিনটি পাহাড়ি গ্রাম

(viii) আনাইমুড়ি পাহাড়ের গায়ে ন্যাড়া জঙ্গলে দেখা যায় অসংখ্য :

- (a) নীলগাই
- (b) বাইসন
- (c) বনবিড়াল
- (d) নীলগিরি ছাগল

(ix) এই রচনাংশটির নামকরণ হতে পারে :

[1]

- (a) কেরালার সৌন্দর্য
- (b) কেরালা : ঈশ্বরের দেশ
- (c) কেরালা যেন পৃথিবীর স্বর্গ
- (d) দক্ষিণের ভূস্বর্গ

Question 3

Do as directed.

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :-

- (i) দুর্গতদের সেবা করাই ছিল মৈনাকবাবুর কর্তব্য। (জটিল বাক্যে পরিণত কর) [1]
- (ii) শিক্ষক মশাই ক্লাসে পড়াতে শুরু করেছেন। (যৌগিক বাক্যে পরিণত কর) [1]
- (iii) যারা সুবিচার করে তারা অবিচারও করে। (সরল বাক্যে পরিণত কর) [1]
- (iv) এত গরমের মধ্যে তোমার _____ করে না ঘুরলেই ভালো হয়। - উপযুক্ত ধ্বন্যাত্মক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর। [1]
 - (a) হন্ হন্
 - (b) খট্ খট্
 - (c) টো টো
 - (d) বন্ বন্

(v) এতো খুব কাঁচা হাতের লেখা! - 'কাঁচা' শব্দটির বাক্য অনুসারে অর্থ হবে :

[1]

- (a) অসম্পূর্ণ
- (b) অপটু
- (c) কাঁচা সামগ্রী
- (d) অস্থায়ী

(vi) শুদ্ধ বাক্যটি বেছে নাও :

[1]

- (a) কি আর বলব তোমায়, পকেট একেবারে খেলার মাঠ।
- (b) কি বলব তোমায়, পকেট একেবারে শূন্য।
- (c) কি বলব তোমায়, পকেট একেবারে মা ভবানী।
- (d) কি বলব আর তোমায়, পকেট একেবারে গড়ের মাঠ।

(vii) বিগত বাস যার - এর এককথায় প্রকাশ হবে :

[1]

- (a) বিবস
- (b) বিবাগী
- (c) বৈরাগী
- (d) বিগতবাসী

(viii) বারবেলা পড়ে গিয়েছে, আমি আর যাচ্ছি না। - বাক্যটিকে ভাববাচ্যে পরিণত করলে হবে :

[1]

- (a) বারবেলা পড়ে গিয়েছে আমি আর যাব না।
- (b) বারবেলায় আমি আর যাচ্ছি না।
- (c) বারবেলা পড়ে যাওয়াতে আর যাওয়া হল না।
- (d) বারবেলা পড়ে গেলে আর যাব না।

(ix) দক্ষযজ্ঞ শব্দের অর্থ হল :

[1]

- (a) দহরম-মহরম
- (b) থরহরি কম্প
- (c) তোলপাড়
- (d) তুলকালাম

(x) গজেন আর রমেন, একেবারে _____ কেউ কাউকে ছেড়ে থাকে না। - উপযুক্ত বাগ্‌ধারা [1]

দিয়ে শূন্যস্থান পূরণ কর।

- (a) হস্তিমূর্খ
- (b) মাটির মানুষ
- (c) হরিহর আত্মা
- (d) সুখের পায়রা

SECTION - B
(LITERATURE - 40 MARKS)

Answer **four** questions from this section on **any three** out of the four prescribed textbooks.

নির্ধারিত চারটি পাঠ্যপুস্তকের মধ্যে **যে কোনো তিনটি** বই থেকে **চারটি** প্রশ্নের উত্তর দাও।

প্রবন্ধ ও গদ্য সংকলন
(PROBONDHO O GODYA SONKOLON)

Question 4

‘...তাই রাবণ, রাজার মতো নিজের মৃত্যুবাণ প্রাণপণে লুকিয়ে তুলে রাখলাম।’

- (i) বক্তা কে ? কাকে উদ্দেশ্য করে বলেছেন ? [1]
- (ii) রাবণ রাজার মৃত্যুবাণ সম্পর্কে প্রচলিত কাহিনীটি কী ? [2]
- (iii) ‘মৃত্যুবাণ’টি কী ? তাকে ‘মৃত্যুবাণ’ বলা হয়েছে বা কেন ? [2]
- (iv) ‘মৃত্যুবাণ’টি লুকিয়ে রাখার পিছনে বক্তার চরিত্রের কোন দিকটি প্রকাশ পেয়েছে বলে মনে হয় ? [5]

Question 5

[10]

‘দেশময় একটা ঘোর-পরিবর্তনের আলোড়ন বটে কিন্তু কোথাও যে রীতিমতো মগের মুলুক পড়েছে তা নয়।’

‘ঘোর-পরিবর্তনের আলোড়ন’ কেন বলা হয়েছে ?

‘মগের মুলুক’ কথাটির অর্থ কী ?

উদ্ধৃতিটির মধ্য দিয়ে লেখকের কোন মনোভাব প্রকাশ পেয়েছে বলে মনে হয় ?

Question 6

[10]

‘গঙ্গার বাড়ি যেতে হলে লছমিতাল ঘুরে যেতে হয়।’

গঙ্গা কে ? এই গল্পে গঙ্গা, রাম আর লক্ষণ নামকরণ কেন করা হয়েছিল বলে তোমার মনে হয় ?

ইংরেজদের নীতি আর গঙ্গার লক্ষণকে বাঁচানোর মধ্যে কী কোনো যোগসূত্র আছে ?

গল্পটি কোন পটভূমিতে রচিত বলে মনে হয় ? তোমার মতে গল্পটি ইতিহাস আশ্রিত গল্প না ঐতিহাসিক গল্প ?

কবিতা সংকলন

(KOBITA SONKOLON)

Question 7

‘কোথায় গেল ওর স্বচ্ছ যৌবন

কোথায় কুরে খায় গোপন ক্ষয়।

চোখের কোণে এই সমূহ পরাভব

বিষায় ফুসফুস ধমনী শিরা!’

(i) কার লেখা কোন কাব্যগ্রন্থের কবিতা ?

[1]

(ii) কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল ? উদ্ধৃত অংশের বক্তা কে ?

[2]

(iii) কার সম্পর্কে বক্তা কী বলতে চেয়েছেন ?

[2]

(iv) এই অংশে বক্তার কিরকম মনোভাব প্রকাশ পেয়েছে ?

[5]

Question 8

[10]

‘সালেমনের মা’ কবিতায় চল্লিশ দশকের উত্তাল ও আর্থসামাজিক চালচিত্র ফুটে উঠেছে-কবিতা অনুসরণ করে সেই অস্থির সময়ের বিবরণ দাও।

Question 9

[10]

‘স্বাধীনতা তুমি’ কবিতাটি কোন মূলগ্রন্থের কবিতা ? কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয় ? এই কবিতায় স্বাধীনতা, ‘কালবোশেখীর দিগন্ত জোড়া মত্ত ঝাপটা’ - এর সঙ্গে তুলনীয় কেন ? আবার স্বাধীনতাকে, ‘শ্রাবণে অকূল মেঘনার বুক’, বলেও উল্লেখ করা হয়েছে - এই দুই প্রাকৃতিক শক্তির উল্লেখ করে কবি কী বোঝাতে চেয়েছেন বলে মনে হয় ?

কোনি
(KONI)

Question 10

“বড়লোকরা গরীবদের ঘেন্না করে।”

(i) বক্তা কে ?

[1]

(ii) এই কথা, বক্তা কার কাছে শুনেছিল ?

[2]

(iii) কথাটা শুনে কে, কেন অবাক হয়েছিল ?

[2]

(iv) বক্তার এই মন্তব্যের ভিতর দিয়ে তার অন্তরের যন্ত্রণা প্রকট হয়ে উঠেছে বলে তুমি মনে কর ?

[5]

Question 11

[10]

‘তোর আসল লজ্জা জলে, আসল গর্বও জলে।’

কে, কখন, কাকে এই কথা বলেছিল ? এই কথাটির ভিতর দিয়ে খেলোয়াড় জীবনের প্রকৃত সত্তা উদ্ভাসিত হয়েছে। আলোচনা কর।

Question 12**[10]**

“কিন্তু আমার যে জেনুয়িন আনন্দ হচ্ছে।”

বক্তা কে ? তার জেনুয়িন আনন্দের কারণ কী ? আনন্দের আতিশয্যে বক্তা কী করতে চেয়েছিলেন ? শেষ পর্যন্ত কী করলেন ?

মুকুট

(MUKUT)

Question 13

‘আজ্ঞে কুমার, কলিযুগেই ঘটে, সত্যযুগে নয়। দরজাটা খুললেই সমস্ত বুঝতে পারবেন।’ —

- (i) কথাটি কে বলেছে ? [1]
- (ii) সে কোথায় দাঁড়িয়ে কার উদ্দেশ্যে এ কথাটি বলেছে ? [2]
- (iii) দরজা খুলতেই কার সঙ্গে তাঁর দেখা হয় ? তিনি তাকে দেখে কী বলে মজা করেন ? [2]
- (iv) দরজা থেকে বেরিয়ে বক্তা আত্মপক্ষ সমর্থন করে কী বলেন ? প্রশ্নের আগে তিনি আরও কী বলে যান ? [5]

Question 14**[10]**

‘কথাটা তো ভালো ঠেকছে না হে। আমাদের ছোট রাজকুমারের ধনুর্বিদ্যার দৌড় তো সকলেরই জানা আছে।’

বক্তা কে ? তিনি কী বোঝাতে চেয়েছেন ? উত্তরে কে কী বলে ? প্রত্যুত্তরে বক্তা কী বলে ? অপর একজন, বক্তাকে কী বলে সাবধান করে ? ছোট রাজকুমার সম্পর্কে ত্রিপুরাবাসীর কেমন ধারণা ছিল ? আলোচনা কর।

Question 15**[10]**

ত্রিপুরার তিন রাজকুমারের চোখে সেনাপতি ঈশা খাঁ ভিন্ন ভিন্ন রূপে প্রতিভাত হয়েছেন। তোমার মতে ঈশা খাঁ কী যথার্থ নিরপেক্ষ সেনাপতি ছিলেন ? আলোচনা কর।

SEAL